

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বহিরাগমন-২ শাখা  
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০২.২৫.২০৬

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: অতিবাস জরিমানা আদায়পূর্বক 'FE' শ্রেণীর ভিসার মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: (১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের স্মারক নং-৪৪.০১.০০০০.২০১.৮৯.০০৪.২৫/২০৭, তারিখ: ০৮.০৩.২০২৬  
(২) NHT Fashions এর আবেদন, তারিখ: ১৫.০৫.২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এ সাথে সংযুক্ত করা হলো। সংযুক্ত পত্রে বর্ণিত Indian নাগরিক Manvi Sudalai Muthu (PP NO-X7606426) গত ২১/০৪/২০১৮ খ্রি. তারিখে FE শ্রেণীর ভিসা নিয়ে বাংলাদেশে আগমন করেন এবং তার ভিসার মেয়াদ ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে শেষ হয়। পরবর্তীতে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে তার অনুকূলে ২৩৭২ স্মারকে ২৪/০৪/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ভিসার মেয়াদ বৃদ্ধির আদেশ প্রদান করা হলেও তিনি উক্ত ভিসা গ্রহণ করেননি। ফলে তার অনুকূলে অতিবাস জরিমানা আরোপিত হয়। তিনি জরিমানা মওকুফের জন্য গত ১৫/০৫/২০২৫ খ্রি. তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশী নাগরিকের সন্তান হিসেবে আবেদন করেন। উল্লেখ্য, তার পিতা Indian নাগরিক জনাব Maharajan Sudalai Muthu (PP NO-Z8187027) বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, মনসুরাবাদ চট্টগ্রাম হতে কার্যনিমিত্তি ও নিরাপত্তা ছাড়পত্র দাখিল করে E শ্রেণীর ভিসা প্রাপ্ত হয়ে বাংলাদেশে অবস্থান করছেন। তার ভিসার মেয়াদ ২৩/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত বিদ্যমান আছে।

০২। অবৈধ অবস্থান সংক্রান্ত জারিকৃত সর্বশেষ পরিপত্রের ধারা ২ এর 'খ' এ বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশি নাগরিক/বাংলাদেশি নাগরিকের বিদেশি স্বামী/স্ত্রী ও সন্তানদের অবৈধ অবস্থান জরিমানা মওকুফ করা যাবে মর্মে উল্লেখ আছে। তবে বর্ণিত Indian নাগরিক Manvi Sudalai Muthu (PP NO-X7606426)-য়ে জন্মসনদ দাখিল করেছেন তাতে মাতার নামের পার্থক্য আছে। একই সাথে পিতা মাতার বিবাহ সনদেও মাতার নামের মিল নাই। তাছাড়াও বাংলাদেশী নাগরিকের সন্তান হিসেবে মাতার পাসপোর্টের যে তথ্য দিয়েছেন সে পাসপোর্টে বর্ণিত ব্যক্তির বৈবাহিক অবস্থা অবিবাহিত উল্লেখ আছে। উক্ত পাসপোর্টটি বর্ণিত আবেদনকারীর জন্মের পরে ইস্যুকৃত (পাসপোর্ট অনুযায়ী আবেদনকারীর জন্ম তারিখ ০৪/০১/২০১৮ খ্রি. এবং তার মাতার পাসপোর্ট ইস্যুর তারিখ ২১/০৯/২০২১ খ্রি.)। কাজেই বাংলাদেশী নাগরিকের সন্তান হিসেবে অতিবাস জরিমানা মওকুফের যে শর্ত রয়েছে তার ক্ষেত্রে তা প্রযোজ্য নয়।

০৩। এমতাবস্থায়, Manvi Sudalai Muthu (PP NO-X7606426)-এর অনুকূলে ইতোপূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক ২৩৭২, তারিখ: ২৯/০১/২০২৫খ্রি, মোতাবেক তাকে ২৪/০৪/২০২৫খ্রি. পর্যন্ত FE শ্রেণীর ভিসার মেয়াদ বৃদ্ধির সম্মতি প্রদান করা হয়েছিল বিষয় ০১/০৭/২০২২খ্রি. হতে ০৪/১২/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত পূর্ববর্তী পরিপত্র অনুযায়ী অবৈধ অবস্থান জরিমানা ৩০,০০০/- টাকা এবং ০৫/১২/২০২৪ খ্রি. তারিখ হতে ১৫/০৫/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সর্বশেষ পরিপত্র অনুযায়ী দৈনিক ৩,০০০/- টাকা হারে মোট ১৬২ দিনের অবৈধ অবস্থান জরিমানা আদায়পূর্বক তার পিতার সমমেয়াদে FE শ্রেণীর ভিসার মেয়াদ বৃদ্ধির বিষয়ে এ মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০১-০৪-২০২৬

কাজী আরিফুর রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল : immigrationbr2@moha.gov.bd

মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০২.২৫.২০৬/১ (২)

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং
- ২। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



০১-০৪-২০২৬  
কাজী আরিফুর রহমান  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)